# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ 'ক' ও 'খ' রাষ্ট্রের অবস্থা পাশাপাশি। 'ক' রাষ্ট্রে তার পার্শ্ববর্তী দুর্বল রাষ্ট্র 'গ' কে যুদ্ধে পরাজিত করে দখল করে নেয়। 'খ' রাষ্ট্র তার পার্শ্ববর্তী অর্থনৈতিকভাবে দুর্বল রাষ্ট্রগুলোকে পারস্পরিক সহযোগিতাদানের মাধ্যমে কালক্রমে সকলে মিলে একটি শক্তিশালী রাষ্ট্রে পরিণত হয়।

ক. দার্শনিক জ্যা জ্যাক রুশো রাষ্ট্র সৃষ্টির কোন মতবাদের প্রবর্তক ছিলেন? ১

খ. রাষ্ট্রের চরম ক্ষমতা কোনটি ব্যাখ্যা কর। ২

গ. 'ক' রাষ্ট্র কর্তৃক 'গ' রাষ্ট্রকে দখল করে নেওয়া রাষ্ট্র সৃষ্টির যে মতবাদকে সমর্থন করে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'খ' রাষ্ট্রের শক্তিশালী রাষ্ট্রে পরিণত হওয়ার পেছনে যে মতবাদের ধারণা রয়েছে সেটিই অধিক গ্রহণযোগ্য মতবাদ—বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ অর্কের বাবা মুক্তিযোদ্ধা। যুদ্ধে বীরত্ব দেখানোর জন্য তিনি সরকার থেকে পদক পান। তিনি তৎকালীন পাকিস্তান সামরিক বাহিনীর সদস্য ছিলেন। অর্কের চাচা সেই সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। তিনি তার বিশ্ববিদ্যালয়ের বন্ধুদের নিয়ে নিজ গ্রামে চলে আসেন। গ্রামের অন্য ছেলেদের একসাথে করে তিনি যুদ্ধের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। প্রশিক্ষণ শেষে তারা সবাই মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন এবং দীর্ঘ নয় মাস যুদ্ধ করেন।

ক. অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? ১

খ. ৭ মার্চের ভাষণের মূল বক্তব্য কী ছিল? ২

গ. অর্কের চাচা মুক্তিযুদ্ধের কোন বাহিনীর সদস্য ছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্বাধীনতা অর্জনে কি শুধু অর্কের বাবার মতো মুক্তিযোদ্ধাদেরই ভূমিকা ছিল? তোমার যুক্তি দাও। ৪

**৩.** ▶ 'ক' ইউনিয়নের প্রায় ৮০% লোক শিক্ষিত। উক্ত ইউনিয়নের নির্বাচনে নাগরিকগণ 'X' ও 'Y' ব্যক্তির মধ্য থেকে সৎ ও যোগ্য বলে চেয়ারম্যান নির্বাচিত করে। চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর' 'X' ব্যক্তির এলাকার একটি বিদ্যালয়ে একজন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে তাঁর ভাইয়ের ছেলে প্রার্থী হলেও যোগ্য প্রার্থীকে অগ্রাধিকার দিয়ে তিনি নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন করেন।

ক. প্রায় কত বছর পূর্বে প্রাচীন গ্রিসে নাগরিক ধারণার উদ্ভব হয়? ১

খ. দ্বৈত নাগরিকতা কী? ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. 'ক' ইউনিয়নের নাগরিকদের মধ্যে কোন ধরনের কর্তব্য পরায়ণতা লক্ষ করা যায়—ব্যাখ্যা কর। ৩

ঘ. 'X' ব্যক্তি সুনাগরিক-সত্যতা যাচাই কর। ৪

**৪.** ▶একই ভাষা, সংস্কৃতি, অর্থনৈতিক ক্ষমতা এবং ধর্মীয় নিরপেক্ষতার ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান রচনা করা হলো। এ রাষ্ট্রের সংবিধানে রাষ্ট্রের সকল কাজে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। উক্ত রাষ্ট্রের আইন সভার একটি বিল পাসের ব্যাপারে আইন সভার মোট ২১০ জন সদস্যের মধ্যে ১৪০ জনের সম্মতি না থাকায় বিলটি বাতিল হয়ে যায়।

ক. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়? ১

খ. অলিখিত সংবিধান কত তারিখে কার্যকর হয়? ২

গ. সংশোধনের ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান কোন শ্রেণির? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক' রাষ্ট্রের সংবিধানে বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্যের প্রতিফলন লক্ষ করা যায়— বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ বাংলাদেশের কেন্দ্রীয় সরকারের রাজনৈতিক ও অরাজনৈতিক দুটি অংশ। সরকারের রাজনৈতিক অংশ মন্ত্রিবৃন্দ এবং অরাজনৈতিক অংশ স্থায়ীভাবে নিযুক্ত সরকারি কর্মকর্তা কর্মচারীবৃন্দ। জনাব 'ক' সরকার দলীয় সংসদ সদস্য হিসেবে বর্তমানে দেশের মাননীয় মন্ত্রিরূপে দায়িত্ব পালন করছেন। তিনি তার কাজের প্রয়োজনে সর্বদাই প্রশাসনিক প্রধান জনাব 'খ' এর সাথে যোগাযোগ রাখেন।

ক. সচিবালয় কী? ১

খ. মন্ত্রিসভার কাজ সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রশাসনিক কাঠামো ছকের সাহায্যে দেখাও। ৩

ঘ. জনাব 'ক' ও 'খ' এর সম্পর্ক মূল্যায়ন কর। ৪

**৬.** ▶কামাল নবম শ্রেণিতে পড়ে। কামালের বড় ভাই বিশ্ববিদ্যালয়ের ছাত্র। বাড়িতে দুজনে একই টেবিলে লেখাপড়া করে। পড়ার টেবিলে পৌরনীতি পাঠ করার সময় কামাল তার বড় ভাইয়ের কাছে আইন ও স্বাধীনতা সম্পর্কে জানতে চায়। বড় ভাই তাকে আইন ও স্বাধীনতা সম্পর্কে বুঝিয়ে বলে। বড় ভাই কামালকে আরও বলে যে, আধুনিক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় আইনের শাসন প্রতিষ্ঠা করার কোনো বিকল্প নেই।

ক. আইনের শাসন কী? ১

খ. আইনের প্রকারভেদ বর্ণনা কর। ২

গ. নাগরিক অধিকার নিশ্চিত করতে আইনের শাসন কীভাবে সাহায্য করে? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

Teachingbd.com

ঘ. গণতান্ত্রিক শাসনব্যবস্থায় আইনের শাসনের গুরুত্ব সম্পর্কে কামালের বড় ভাইয়ের মন্তব্য তোমার নিজের ভাষায় বর্ণনা কর। ৪

৭. ▶ মাসুমের দাদা একজন প্রবীণ রাজনীতিবিদ। একদিন রাতে খেতে বসে নাতি-নাতনিদেরকে পাকিস্তান রাষ্ট্র গঠনের প্রেক্ষাপট ও তৎকালীন রাজনীতির চিত্র তুলে ধরেন। আলোচনাকালে তিনি বলেন পন্ডিত নেহরু ও মি. জিন্নাহের পরস্পরবিরোধী মনোভাবের প্রেক্ষিতে মুসলিম লীগের এক সম্মেলনে ধর্মীয় জাতীয়তাবাদের ভিত্তিতে আলাদা মুসলিম রাষ্ট্র গঠনের একটি প্রস্তাব গৃহীত হয়। যা বিশ্লেষণ করলে স্বাধীন বাংলাদেশের ইঙ্গিত পাওয়া যায়।

ক. লাহোর প্রস্তাবের উপস্থাপক কে? ১

খ. দ্বি-জাতি তত্ত্ব বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রস্তাবটির বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রস্তাবের মধ্যে 'স্বাধীন বাংলাদেশের বীজ লুকায়িত ছিল"— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বাংলাদেশের সংবিধান একটি লিখিত দলিল। দুষ্পরিবর্তনীয় এ সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি, নাগরিকদের মৌলিক অধিকারের কথা উল্লেখ আছে। সংসদীয় পদ্ধতির সরকার, এক কক্ষবিশিষ্ট আইনসভা, বিচার বিভাগের স্বাধীনতা প্রভৃতি বাংলাদেশের সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

ক. বাংলাদেশ সংবিধানে কতটি অনুচ্ছেদ রয়েছে? ১

খ. বাংলাদেশ সংবিধান কিভাবে সংশোধন করা যায়? ২

গ. সংবিধানে উল্লিখিত মূলনীতিগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, বাংলাদেশ সংবিধান একটি উত্তম সংবিধান? যুক্তি দাও। ৪

৯. ▶ জনাব রহমান সরকারি কর্মকর্তা। তিনি জেলার প্রশাসক হিসেবে নিয়োজিত। তিনি সচিবালয় থেকে প্রেরিত সকল সরকারি নীতিমালা ও সিদ্ধান্ত বাস্তবায়ন করেন। সরকারের কাছে জেলা সংক্রান্ত রিপোর্ট প্রদান করে থাকেন এবং অধঃস্তন দপ্তরের কার্যাবলি তদারকি করেন। তাছাড়া তিনি জনগণের জানমালের নিররাপত্তা ও আইনশৃঙ্খলা উন্নতিকল্পে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেন।

ক. জেলার নির্বাহী কর্মকর্তা কে? ১

খ. জেলা প্রশাসকের আর্থিক কাজের বিবরণ দাও। ২

গ. 'জেলা প্রশাসক জেলার সেবক, পরিচালক ও বন্ধু।' বিশ্লেষণ কর। ৩

ঘ. জেলা প্রশাসক হিসেবে রহমান সাহেবের যে দায়িত্ব পালন করেন তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : ১ ৪ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. বাংলাদেশের জনসংখ্যা প্রায়–**
ক) ১৫ কোটি    খ) ১৬ কোটি
গ) ১৭ কোটি    ঘ) ১৮ কোটি

**২. রাষ্ট্রপতির ক্ষমতার সাথে জড়িত–**
ক) জনসমষ্টি    খ) নির্দিষ্ট ভূখণ্ড
গ) সরকার    ঘ) সার্বভৌমত্ব

**৩. ম্যাকাইভারের মতে পরিবার হলো–**
ক) সন্তান জন্মদান ও লালন পালন
খ) জন্মবিরতি
গ) বহুপত্নিক লোক
ঘ) বহুবিবাহ

**৪. করিম সাহেবের ছেলে জন্ম আমেরিকাতে হয়েছে– এখান করিম সাহেবের ছেলে কোন সূত্রে আমেরিকার নাগরিক?**
ক) জন্মস্থাননীতি    খ) জন্মনীতি
গ) অনুমোদন সূত্র    ঘ) বিবাহসূত্রে

**৫. জন্মস্থাননীতি অনুসরণ করে নাগরিক হওয়া যায়– নিচের কোন দেশে?**
ক) কানাডা    খ) দুবাই
গ) কাতার    ঘ) ব্রুনাই

**৬. আল আকসা মসজিদ কোথায়?**
ক) সিরিয়া    খ) ফিলিস্তিন
গ) ইসরাইল    ঘ) সৌদি আরব

**৭. 'সত্তা আছে কিন্তু স্বাধীনতা ও সার্বভৌমত্ব নেই'– এমন জায়গাকে বলা হয়–**
ক) ইকো জোন    খ) অছি এলাকা
গ) বাফার জোন    ঘ) রেড জোন

**৮. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘ কত কোটি বাংলাদেশিকে সাহায্য করে?**
ক) ১ কোটি    খ) ২ কোটি
গ) ৩ কোটি    ঘ) ৪ কোটি

**৯. 'লিগ অব নেশনস' গঠন করা হয়–**
ক) ১৯২০    খ) ১৯১৪
গ) ১৯৪৫    ঘ) ১৯৪৮

**১০. ২৫ ভাগ বনভূমি হ্রাস পেয়ে কত শতাংশে নেমেছে?**
ক) ৬ শতাংশ    খ) ৭ শতাংশ
গ) ৮ শতাংশ    ঘ) ৯ শতাংশ

**১১. VGF কী?**
ক) খাদ্য সরবরাহ করা
খ) উপার্জনকারীর দক্ষতা
গ) অবকাঠামো নির্মাণ
ঘ) শিক্ষাব্যবস্থা

**১২. জনসংখ্যা সমস্যায় পরিণত হয় তখন–**
ক) মৃত্যুহারকে ছাড়িয়ে গেলে
খ) জন্মহারকে ছাড়িয়ে গেলে
গ) কর্মসংস্থান না হলে
ঘ) বৈষম্যনীতি প্রয়োগ হলে

**১৩. জনসংখ্যা বৃদ্ধির কারণ–**
ক) সামাজিক দৃষ্টিভঙ্গি
খ) জনশক্তি আমদানি
গ) পুষ্টিদানের অভাব
ঘ) নিরাপত্তার অভাব

**১৪. প্রথম সংবিধান সংশোধনী ছিল–**
ক) মানবতাবিরোধী বিচার
খ) জরুরি অবস্থা জারি
গ) বাঙালি থেকে বাংলাদেশি
ঘ) রাষ্ট্রপতির ক্ষমতার বৃদ্ধি

**১৫. ঢাকার বাহিরে হাইকোর্টের ৬টি বেঞ্চ স্থাপন করা হয় কোন সংশোধনীর মাধ্যমে?**
ক) ৬ষ্ঠ    খ) ৭ম
গ) ৮ম    ঘ) ৯বম

**১৬. এ পর্যন্ত কতবার সংবিধান সংশোধন করা হয়েছে?**
ক) ১৩ বার    খ) ১৪ বার
গ) ১৫ বার    ঘ) ১৬ বার

**১৭. বাঙালি থেকে বাংলাদেশি করা হয়–**
ক) ৫ম সংশোধনীতে    খ) ৭ম সংশোধনীতে
গ) ৮ম সংশোধনীতে    ঘ) ৯বম সংশোধনীতে

**১৮. বাংলাদেশের সংবিধান–**
ক) সুপরিবর্তনীয়    খ) দুষ্পরিবর্তনীয়
গ) লিখিত    ঘ) অলিখিত

**১৯. উত্তম সংবিধান–**
ক) সংক্ষিপ্ত    খ) লিখিত
গ) অলিখিত    ঘ) সুষম প্রকৃতির

**২০. সংসদীয় সরকারের গুণ–**
ক) বিরোধীদলের মর্যাদা
খ) ক্ষমতার অবিভাজন
গ) দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
ঘ) দক্ষ শাসনব্যবস্থা

Teachingbd.com

২১. কোনটি সমাজতান্ত্রিক রাষ্ট্র?
ⓚ কিউবা ⓚ বাহামা
ⓖ বাহরাইন ⓖ বেনারসি

২২. বর্তমান বিশ্বের বেশির ভাগ রাষ্ট্রই হলো–
ⓚ পুঁজিবাদী ⓚ গণতান্ত্রিক
ⓖ সমাজতান্ত্রিক ⓖ রাজতান্ত্রিক

২৩. গণতান্ত্রিক রাষ্ট্রে সর্বময় ক্ষমতার অধিকারী কে?
ⓚ প্রধানমন্ত্রী ⓚ জনগণ
ⓖ রাষ্ট্রপতি ⓖ বিচারপতি

২৪. জনগণ সর্বময় ক্ষমতার অধিকারী হওয়ার পরও আমাদের গ্রামের আব্দুল করিমের কথা কেউ শুনেনা- এখানে গণতন্ত্রের কোনটি প্রতিফলিত হয়েছে?
ⓚ শাসন ব্যবস্থার ⓚ রাষ্ট্র ব্যবস্থার
ⓖ সমাজ ব্যবস্থার ⓖ একক মতামত

২৫. নিচের কোনটি কল্যাণমূলক রাষ্ট্র?
ⓚ যুক্তরাজ্য ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ লিবিয়া ⓖ আলবেনিয়া

২৬. কোনটি কর্মসংস্থানের সৃষ্টি করে–
ⓚ সরাইখানা ⓚ হুজরাখানা
ⓖ এতিমখানা ⓖ খানকাশরীফ

২৭. জরুরি অবস্থা জারি করলে কী হয়?
ⓚ মৌলিক অধিকার লোপ পায়
ⓚ জনগণ আরামে ঘুমায়
ⓖ মিছিল মিটিং হয়
ⓖ কিছুই হয় না

২৮. আইন সাধারণত কয় প্রকার?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৫ ⓖ ৬

২৯. কিছুদিন আগে মায়ানমার, ভারতের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা নির্ধারণ হয়– কোন আইনে তা করা হয়?
ⓚ সরকারি ⓚ বেসরকারি
ⓖ সাংবিধানিক ⓖ আন্তর্জাতিক

৩০. পারিবারিক কাঠামোর মূল ভিত্তি হলো–
ⓚ বিবাহ ⓚ সম্পর্ক
ⓖ ন্যাচারাল প্রবৃত্তি ⓖ সামাজিকতা

৩১. কোনটি মনস্তাত্ত্বিক কাজ?
ⓚ উদারতা ⓚ বেড়াতে যাওয়া
ⓖ গল্পগুজব ⓖ টিভি দেখা

৩২. সাজ্জাদ হোসেন ডি ভি লটারী পেয়ে আমেরিকা গেলেন। এখন তিনি সেখানে স্থায়ীভাবে বসবাস করছেন– সাজ্জাদ হোসেন কীভাবে আমেরিকার নাগরিক হলেন?
ⓚ অনুমোদন সূত্রে
ⓚ বিবাহের মাধ্যমে
ⓖ দীর্ঘদিন বসবাসের মাধ্যমে
ⓖ সংস্কৃতির সাথে মিশে গিয়ে

৩৩. একটা লোক রাস্তার পাশে আড়াল করে নিজেকে লুকিয়ে রেখেছে। তার বন্ধু এই পথ দিয়ে যখন আসবে তখন তাকে মারবে। তার বন্ধু কাছে আসার পর আর মারতে পারল না তার দয়া হলো– এখানে সুনাগরিকের কোন গুণটি কাজ করেছে?
ⓚ বুদ্ধি ⓚ বিবেক
ⓖ আত্মসংযম ⓖ নিগৃহ

৩৪. "প্যারামিলিসিয়ার" কথা বলা হয়েছে ছয় দফার কোন দফায়?
ⓚ ৫ দফায় ⓚ ৬ দফায়
ⓖ ৪ দফায় ⓖ ৩ দফায়

৩৫. 'ধর্ম যার যার, রাষ্ট্র সবার'- কীসের চেতনা?
ⓚ ধর্মের ⓚ মুক্তিযুদ্ধের
ⓖ বাঙালি জাতিসত্তার ⓖ পাকিস্তানিদের

৩৬. মেয়েরা সবচেয়ে বেশি নির্যাতনের শিকার হয়–
ⓚ স্বামীর দ্বারা ⓚ নিকট আত্মীয় দ্বারা
ⓖ বন্ধু দ্বারা ⓖ সন্ত্রাসের দ্বারা

৩৭. সুনামগঞ্জের প্রধান নাগরিক সমস্যা হলো–
ⓚ শব্দ দূষণ
ⓚ যেখানে সেখানে ময়লা
ⓖ রাজনৈতিক সন্ত্রাস ⓖ পৌর কর অনাদায়

৩৮. নারী নির্যাতন রোধে কী করা উচিত বলে তুমি মনে কর–
ⓚ কঠোর আইন বাস্তবায়ন
ⓚ গণসচেতনা তৈরির জন্য নাটক কবিতা গান তৈরি
ⓖ নারী নেতৃত্ব ও সংগঠন তৈরি
ⓖ পারিবারিক পুলিশ নিয়োগ দেওয়া

৩৯. এ পার্যন্ত কতবার সংবিধান সংশোধন করা হয়েছে–
ⓚ ১৩ বার ⓚ ১৪ বার
ⓖ ১৫ বার ⓖ ১৬ বার

৪০. আইন সাধারণত কয় প্রকার?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৫ ⓖ ৬

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ |
| | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | ক |
| | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | খ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com